দৈনিক
ইত্তেফাক

তারিখ 04 APR 2018
পৃষ্ঠা ২৫ কলাম ২

# রাজধানীর ৭ কলেজ অধ্যক্ষকে নোটিশ

## পরীক্ষার নীতিমালা না মানা

■ ইত্তেফাক রিপোর্ট

কালো গ্লাসের গাড়িতে প্রশ্নপত্র বহন এবং মোবাইল রাখার অভিযোগে রাজধানীর সাত কলেজের অধ্যক্ষ ও পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে কারণ দর্শানো নোটিশ দিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড। গতকাল মঙ্গলবার মিরপুর কলেজ, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ, মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজকে এ নোটিশ দেওয়া হয়।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মু. জিয়াউল হক স্বাক্ষরিত আদেশে এইচএসসি ও ডিআইবিএস পরীক্ষা নীতিমালা অনুসরণ না করায় কেন বিধি ব্যবস্থা নেওয়া হবে না- তা জানাতে সাত কর্মদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে।